অঙ্কুশ

বঙ্গীয় শব্দকোষ

পুং, ক্লী [√অঙ্ক্ + উশ-ক (অ.টী); উ ৪.১০৭; অঙ্গুলী—অঙ্কুশবান্ (ঋগ্‌বেদ ১০.৩৪.৭); cf, Gr. agkura; Ger. Angel; E. Anchor; তু 'অঙ্ক্যু']

১ যাহা হস্তীর মর্ম্মস্থানে যায়; লৌহময় বক্রাগ্র হস্তিচালনাস্ত্র; শৃণি, ডাঙশ।

২ অঙ্কুশতুল্য নিবারক; প্রতিবন্ধ।

৩ দণ্ড।

৪ যুদ্ধাস্ত্রবিশেষ।

৫ আঁকশি।

"উষ্ট্রান্ হয়ান্ খরাণ নাগান্ জম্মুদণ্ডষাঙ্কশৈঃ গো.রা ৬.৩৭.৪১। অঙ্কুশাকারয়াঙ্গুল্যা রঘু ১২.৪১। পদাঙ্গুলনখাঙ্কুশ ম.পা ১৪। প্রবোধ-অঙ্কুশাঘাত দা ৫৯৯।

"সিন্ধেঃ পূর্ব্বোহঙ্কুশস্ত্রিবিধঃ সাংখ্য ৫১। কুশং দ্বিষামঙ্কুশম্ রঘু ১৬.৮১। "নিরঙ্কুশা হি কবয়ঃ"।

"ধ্বজাঙ্কুশপটাঞ্চলেষু উ.চ ৬.৪।

"গ ২৩।

"ঋগ্বেদ ৩.৪৫.৪, সায়ণ।